# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২১৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩২১]

৬. কিতাবুল হায়েয বা ঋতু (كتاب الحيض)

পরিচ্ছেদঃ হায়েয অবস্থায় ছুটে যাওয়া নামায কাযা করবেনা

وَقَالَ جَابِرٌ وَأَبُو سَعِيدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَدَعُ الصَّلاَةَ.

---

আরবী

ـ وَعَنْ عَائِشَةَ رَضِيَ الله عَنْهَا: أَنَّ امْرَأَةً قَالَتْ لَهَا: أَتَجْزِي إِحْدَانَا صَلاتَهَا إِذَا طَهُرَتْ؟ فَقَالَتْ: أَحَرُورِيَّةٌ أَنْتِ؟ كُنَّا نَحِيضُ مَعَ النَّبِيِّ فَلا يَأْمُرُنَا بِهِ، أَوْ قَالَتْ: فَلا نَفْعَلُهُ. (بخارى:)

বাংলা

২১৩) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ জনৈক মহিলা একদা তাঁকে জিজ্ঞেস করল, আমাদের কেউ যখন হায়েয থেকে পবিত্র হবে তখন কি পবিত্র অবস্থার নামাযই যথেষ্ট? না কি হায়েয অবস্থায় ছেড়ে দেয়া নামাযও কাযা করতে হবে? তিনি বললেনঃ তুমি কি হারুরীয়া (খারেজী) সম্প্রদায়ের অন্তর্ভূক্ত? নবী সাল্লাললাহু আলাইহি ওয়া সাল্লামের জীবদ্দশায় আমাদের হায়েয আসত। তিনি আমাদেরকে নামায কাযা করার আদেশ দিতেন না। অথবা আয়েশা (রাঃ) বললেনঃ আমরা নামায কাযা করতাম না।

টিকাঃ খারেজীদেরকে হারুরীয়া বলা হয়। কারণ তারা হারুরা নামক স্থানে একত্রিত হয়েছিল। খারেজীদের মতে হায়েয অবস্থায় ছুটে যাওয়া নামাযও কাযা করতে হবে। এ জন্যই আয়েশা (রাঃ) তাঁকে জিজ্ঞেস করেছিলেনঃ সে খারেজীদের অন্তর্ভূক্ত কি না?

## English

There is no Salat (prayer) to be offered by a menstruating woman in lieu of the missed Salat during her menses.

Narrated Mu`adha:

A woman asked `Aisha, "Should I offer the prayers that which I did not offer because of menses" `Aisha said, "Are you from the Huraura' (a town in Iraq?) We were with the Prophet (ﷺ) and used to get our periods but he never ordered us to offer them (the Prayers missed during menses)." `Aisha

perhaps said, "We did not offer them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89511

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন